

সার্কুলার নং বিজিএমইএ/ব্যাংকিং/২০২৬/২৩৪

তারিখ: ১ সেপ্টেম্বর ২০২৬

সম্মানিত সকল সদস্যের জন্য

বিষয়: ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনে বাংলাদেশ ব্যাংকের নীতি সহায়তা সংক্রান্ত।

সূত্র: বাংলাদেশ ব্যাংকের বিআরপিডি- ১ সার্কুলার লেটার নং-৩০ তারিখ: ৩১ আগস্ট ২০২৬

উপরোক্ত বিষয় ও সূত্রের প্রতি আপনাদের সদয় দৃষ্টি আকর্ষণ পূর্বক জানানো যাচ্ছে যে, ক্ষতিগ্রস্ত ব্যবসা প্রতিষ্ঠানগুলো ব্যবসায়িক ও আর্থিক মন্দা কাটিয়ে আর্থিক ব্যবস্থা পুনর্গঠন ও সচল করার মাধ্যমে তারা যাতে দেশের সামগ্রিক অর্থনীতিকে গতিশীল রাখতে পারে সে লক্ষ্যে বাংলাদেশ ব্যাংক সূত্রোক্ত সার্কুলার লেটারের মাধ্যমে ইতিপূর্বে ঘোষিত বিশেষ নীতি সহায়তা প্যাকেজটির সংশোধনী প্রকাশ করেছে।

উক্ত সার্কুলারের মূল বিষয়গুলো নিচে উপস্থাপন করা হলো:

সুবিধাটি যাদের জন্য প্রযোজ্য

- বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংকের ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠান (একক প্রতিষ্ঠান বা গ্রুপ)।
- যেসব ঋণগ্রহীতা ইতোমধ্যে "ব্যবসা ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনের লক্ষ্যে গঠিত নীতি সহায়তা সংক্রান্ত বাছাই কমিটি" বা পূর্বের সার্কুলার থেকে নীতি সহায়তা নিয়েছেন, তারাও এর আওতায় নতুন আবেদন করতে পারবেন।

প্রদত্ত সুবিধাসমূহ (ঋণ স্থিতি ১০০০ কোটি টাকা বা তার বেশি হলে):

- বিশেষ পুনঃতফসিল: সর্বোচ্চ ০২ (দুই) বছর গ্রেস পিরিয়ডসহ সর্বমোট ১৫ (পনেরো) বছর মেয়াদে ঋণ পুনঃতফসিল (Reschedule) করা যাবে।
- বিশেষ পুনর্গঠন: পূর্ববর্তী নির্দেশনার (বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২২) মেয়াদের অতিরিক্ত আরও সর্বোচ্চ ০৪ (চার) বছর মেয়াদ বৃদ্ধি করে ঋণ পুনর্গঠন (Restructure) করা যাবে।

প্রদত্ত সুবিধাসমূহ (ঋণ স্থিতি ১০০০ কোটি টাকার কম হলে):

- এইসব প্রতিষ্ঠানের ক্ষেত্রে পূর্বের বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫ এ বর্ণিত মেয়াদ ও নিয়মাবলী প্রযোজ্য হবে।

নতুন আবেদনের শর্ত ও সময়সীমা:

- আবেদনের শেষ সময়: আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে আগামী ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখের মধ্যে সংশ্লিষ্ট ব্যাংকে নতুন আবেদন জমা দিতে হবে।
- ঋণমান: নতুন আবেদনের ক্ষেত্রে ৩০/০৯/২০২৬ তারিখ পর্যন্ত অশ্রেণিকৃত ঋণসমূহ (STD-0, 1, 2, SMA) বিশেষ পুনর্গঠন সুবিধা এবং বিরূপমানে শ্রেণিকৃত ঋণসমূহ (SS, DF, B/L) বিশেষ পুনঃতফসিল সুবিধা পাবে।
- নিষ্পত্তির সময়: প্রয়োজনীয় ডাউনপেমেন্ট গ্রহণপূর্বক ব্যাংকগুলোকে আগামী ৩১ ডিসেম্বর ২০২৬ তারিখের মধ্যে সকল আবেদন নিষ্পত্তি করতে হবে।

এই সুবিধার আওতায়, নির্ধারিত সময়ের মধ্যে প্রয়োজনীয় ডাউনপেমেন্টসহ স্ব-স্ব ব্যাংকে আবেদন করার জন্য আপনাদেরকে অনুরোধ করা যাচ্ছে।

প্রয়োজনীয় কার্যার্থে বাংলাদেশ ব্যাংকের সার্কুলারটি এতদসঙ্গে সংযুক্ত করে প্রেরণ করা হলো।

ধন্যবাদান্তে,


মেজর জেনারেল ড. মো: সাহেদুল ইসলাম (অবঃ)
মহা-সচিব

সংযুক্তি: বর্ণনামতে।

BANGLADESH GARMENT MANUFACTURERS & EXPORTERS ASSOCIATION
বাংলাদেশ পোশাক প্রস্তুতকারক ও রপ্তানীকারক সমিতি

• বাংলাদেশ তৈরি •



বাংলাদেশ ব্যাংক

প্রধান কার্যালয়
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ।
website: www.bb.org.bd

ব্যাংকিং প্রবিধি ও নীতি বিভাগ-১

৩১ আগস্ট ২০২৬

তারিখ: -----

১৬ ভাদ্র ১৪৩৩

বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-৩০

ব্যবস্থাপনা পরিচালক/প্রধান নির্বাহী কর্মকর্তা

বাংলাদেশে কার্যরত সকল তফসিলি ব্যাংক

প্রিয় মহোদয়,

ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনের লক্ষ্যে নীতি সহায়তা প্রদান প্রসঙ্গে

উপর্যুক্ত বিষয়ে বিআরপিডি সার্কুলার নং-০৭, তারিখ ১৬ সেপ্টেম্বর ২০২৫, বিআরপিডি সার্কুলার লেটার নং-২৬, তারিখ ২৪ নভেম্বর ২০২৫ এবং বিআরপিডি-১ সার্কুলার লেটার নং-১৬, তারিখ ০৭ মে ২০২৬ এর প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

২। ক্ষতিগ্রস্ত ঋণগ্রহীতা প্রতিষ্ঠানের ব্যবসায় ও আর্থিক ব্যবস্থা পুনর্গঠনের লক্ষ্যে নীতি সহায়তা প্রদান সংক্রান্ত নীতিমালার যথাযথ বাস্তবায়ন নিশ্চিতকরণে নিম্নোক্ত নির্দেশনা প্রদান করা হলো:

ক) বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫ এর আওতায় নীতি সহায়তা প্রাপ্তির লক্ষ্যে ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত সংশ্লিষ্ট ব্যাংকে নতুন আবেদন দাখিল করা যাবে;

খ) যে সকল ঋণগ্রহীতা “ব্যবসা ও আর্থিক ব্যবস্থাদি পুনর্গঠনের লক্ষ্যে গঠিত নীতি সহায়তা সংক্রান্ত বাছাই কমিটি” হতে নীতি সহায়তা গ্রহণ করেছেন সে সকল ঋণগ্রহীতা ব্যাংকে বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫ এর আওতায় নতুন আবেদন দাখিল করতে পারবে;

গ) কোনো ঋণগ্রহীতা (একক প্রতিষ্ঠান বা গ্রুপ) কর্তৃক নীতি সহায়তার আওতায় বিশেষ পুনঃতফসিল ও পুনর্গঠনের জন্য আবেদনকৃত ঋণ হিসাবসমূহের ঋণ স্থিতি ১০০০ কোটি টাকা বা এর অধিক হলে ব্যাংকার-গ্রাহক সম্পর্কের ভিত্তিতে উক্ত ঋণ হিসাবসমূহ-

(১) বিশেষ পুনঃতফসিলের ক্ষেত্রে সর্বোচ্চ ০২ বছর গ্রেস পিরিয়ডসহ সর্বোচ্চ ১৫ (পনেরো) বছর মেয়াদে পুনঃতফসিল করা যাবে;

(২) বিশেষ পুনর্গঠনের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-১৬/২০২২ এর অনুচ্ছেদ নং ৬(১) এ বর্ণিত মেয়াদের অতিরিক্ত সর্বোচ্চ ০৪ (চার) বছর মেয়াদ নির্ধারণকরত পুনর্গঠন করা যাবে;

ঘ) কোনো ঋণগ্রহীতা (একক প্রতিষ্ঠান বা গ্রুপ) কর্তৃক আবেদনকৃত ঋণ হিসাবসমূহের ঋণ স্থিতি ১০০০ কোটি টাকার কম হলে উক্ত ঋণ হিসাবসমূহ বিশেষ পুনঃতফসিল ও পুনর্গঠনের ক্ষেত্রে বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫ এ বর্ণিত মেয়াদ প্রযোজ্য হবে।

ঙ) যে সকল ঋণগ্রহীতা ইতোপূর্বে বিআরপিডি সার্কুলার নং-০৭/২০২৫ অথবা বাছাই কমিটির আওতায় নীতি সহায়তা গ্রহণ করেছেন সে সকল ঋণগ্রহীতাকে অনুচ্ছেদ ২(গ) ও ২(ঘ) এ বর্ণিত সুবিধা প্রদান করা যাবে। এক্ষেত্রে গ্রেস পিরিয়ডের ইতোমধ্যে অতিক্রান্ত সময় এ সার্কুলারে বর্ণিত গ্রেস পিরিয়ডের অন্তর্ভুক্ত হিসেবে বিবেচনা করত প্রয়োজনীয় অতিরিক্ত মেয়াদ বৃদ্ধি করা যাবে;

চ) নতুন আবেদনের ক্ষেত্রে ৩০ সেপ্টেম্বর ২০২৬ তারিখ পর্যন্ত অশ্রেণিকৃত (STD-0, 1, 2, SMA) ঋণসমূহকে সূত্রোক্ত সার্কুলারে বর্ণিত নির্দেশনানুযায়ী বিশেষ পুনর্গঠনজনিত সুবিধা এবং বিরূপমানে শ্রেণিকৃত (SS, DF, B/L) ঋণসমূহকে বিশেষ পুনঃতফসিলজনিত সুবিধা প্রদান করা যাবে;

ছ) এ সার্কুলারের আওতায় সকল আবেদন প্রয়োজনীয় ডাউনপেইন্ট গ্রহণপূর্বক ৩১ ডিসেম্বর ২০২৬ এর মধ্যে ব্যাংক কর্তৃক নিষ্পত্তি করতে হবে।

জ) সূত্রোক্ত সার্কুলার ও এর অনুবৃত্তিক্রমে জারিকৃত অন্যান্য নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

৩। ব্যাংক কোম্পানী আইন, ১৯৯১ এর ৪৯(১)(চ) ধারায় প্রদত্ত ক্ষমতাবলে এ নির্দেশনা জারি করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে।

আপনাদের বিশ্বস্ত,

(গাজী মোঃ মাহফুজুল ইসলাম)

পরিচালক (বিআরপিডি-১)

ফোন: ৯৫৩০২৫২